

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০০১.১৬.০০২.১৮.৬৪

তারিখ : ১১/০২/২০১৮ খ্রি:

বিষয় : “রিসার্চ এন্ড নেলেজ ম্যানেজমেন্ট” সেল স্থাপন প্রসঙ্গে।

কারিগরি শিক্ষার প্রচার, প্রসার ও সম্প্রসারণে সরকারের পক্ষ থেকে ইতোমধ্যে নানাবিধ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গৃহীত কর্মসূচির আওতায় ২০২০ সাল নাগাদ ২০% এনরোলমেন্ট অর্জন, TVET প্রতিষ্ঠান সমূহের সক্ষমতা বৃদ্ধি, কারিকুলাম ডেভেলপমেন্ট, বেসরকারি কারিগরি প্রতিষ্ঠান সমূহের পৃষ্ঠপোষকতা, ইনস্ট্রি-ইনসিটিউট লিংকেজ, দেশে-বিদেশে শিক্ষকদের প্রশিক্ষণ, উচ্চ শিক্ষার্থী কারিগরি শিক্ষার্থীদের বিদেশে প্রেরণসহ নতুন নতুন প্রকল্প গ্রহণ উল্লেখযোগ্য। কারিগরি শিক্ষার উন্নয়নে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়নেরও উদ্যোগ গ্রহণ করা হয়েছে।


২। সরকারের গৃহীত কর্মপরিকল্পনার আলোকে ২০২১ সাল নাগাদ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সাল নাগাদ উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গঠনে কারিগরি শিক্ষা বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষার সার্বিক উন্নয়নে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা সফল বাস্তবায়নের পাশাপাশি কারিগরি শিক্ষার ক্ষেত্রে গবেষণাধর্মী কার্যক্রমের গুরুত্ব অপরিহার্য।

৩। কারিগরি শিক্ষা ক্ষেত্রে গবেষণামূলক কার্যক্রমের গুরুত্ব বিবেচনায় ILO এর সহযোগিতায় ইতোমধ্যে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে (TTTC) ২৫টি কম্পিউটার সমৃদ্ধ একটি আধুনিক ল্যাব স্থাপন করা হয়েছে। প্রতি ব্যাচে ২৫ জন হিসাবে ৩ ব্যাচে মোট ৭৫ জন শিক্ষক/কর্মকর্তাকে “রিসার্চ মেথোডোলজি” এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অতপর কারিগরি শিক্ষা ক্ষেত্রে গবেষণামূলক কার্যক্রমের প্রাথমিক পদক্ষেপ হিসাবে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে (TTTC) একটি “রিসার্চ এন্ড নেলেজ ম্যানেজমেন্ট” সেল স্থাপন করা হয়েছে। রিসার্চ সেলের কার্যক্রম পরিচালনার জন্য ইনস্ট্রাক্টর ও ১ জন চীফ ইনস্ট্রাক্টর-কে পদায়ন করা হয়েছে। কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় এই প্রথমবারের মত কারিগরি ক্ষেত্রে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য পৃথক একটি গবেষণা সেল চালু করা হয়েছে।

৪। “রিসার্চ এন্ড নেলেজ ম্যানেজমেন্ট” সেলের কার্যক্রম নিম্নরূপ :

- ৪.১ এই সেল “রিসার্চ এন্ড নেলেজ ম্যানেজমেন্ট” সেল নামে অভিহিত হবে।
- ৪.২ কারিগরি শিক্ষা অধিদপ্তরের সার্বিক তত্ত্বাবধানে এই সেল পরিচালিত হবে। অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখা সেলের সার্বিক কার্যক্রম সমন্বয় করবে।
- ৪.৩ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে (TTTC) সেলের অস্থায়ী কার্যালয় স্থাপিত হবে। ILO এর সহযোগিতা স্থাপিত ২৫টি কম্পিউটার সমৃদ্ধ ল্যাব সেলের নিয়ন্ত্রণে থাকবে।
- ৪.৪ পুনরাদেশ না দেয়া পর্যন্ত টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে (TTTC) পদায়নকৃত চীফ ইনস্ট্রাক্টর ড. রতন কুমার নন্দী ও ইনস্ট্রাক্টর বেগম মদিনা আজ্ঞার সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন।
- ৪.৫ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত রিসার্চ সেলে পদায়নকৃত কর্মকর্তাগণ টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজের (TTTC) অধ্যক্ষ এর অধীনে দায়িত্ব পালন করবেন।
- ৪.৬ রিসার্চ সেলের পক্ষ থেকে যথাশীল বিশেষজ্ঞ সমষ্টিয়ে একটি TVET রিসোর্সপুল গঠন করতে হবে।
- ৪.৭ রিসার্চ সেল যথাশীল TVET এর ক্ষেত্রে গবেষণামূলক কার্যক্রম, গবেষণা জৰ্নাল প্রকাশ এবং মাঠ পর্যায়ে শিক্ষক/কর্মকর্তাদের গবেষণা কার্যক্রমে সম্পর্ক করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।
- ৪.৮ রিসার্চ সেলের কার্যক্রমের বিষয়ে মাসের প্রথম সপ্তাহে আবশ্যিকভাবে সেলের কার্যক্রম প্রতিবেদন কারিগরি শিক্ষা অধিদপ্তরে দাখিল করতে হবে।
- ৪.৯ রিসার্চ সেল গবেষণামূলক কার্যক্রমের ক্ষেত্রে প্রয়োজনীয় অন্যান্য পদক্ষেপ গ্রহণ করবে।

৫। TVET এর ক্ষেত্রে গবেষণামূলক কার্যক্রমের স্বার্থে এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
( অশোক কুমার বিশ্বাস )  
অতিরিক্ত সচিব (কারিগরি)  
কারিগরি ও মদ্রাসা শিক্ষা বিভাগ  
ও  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। সচিব, কারিগরি ও মদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ মদ্রাসা/ অডিট ও আইন), কারিগরি ও মদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশাসন/ ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ পি.আই.ইউ/ পি.আই.ডায়িল্ট), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
- ৮। অধ্যক্ষ, সিলেট/ ফরিদপুর/ ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ।
- ৯। অধ্যক্ষ, পলিটেকনিক ইনসিটিউট (সকল)।
- ১০। অধ্যক্ষ, মহিলা পলিটেকনিক ইনসিটিউট (সকল)।
- ১১। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনসিটিউট, বগুড়া।
- ১২। অধ্যক্ষ, প্লাস এন্ড সিরামিক ইনসিটিউট/ গ্রাফিক আর্টস ইনসিটিউট/ বাংলাদেশ সার্টেড ইনসিটিউট।
- ১৩। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- ১৪। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (প্রতিখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।